# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ২ ৭ ৮

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶**দৃশ্যকল্প-১:** আব্দুস সালাম একটি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ প্রণয়ন ও বাস্তবায়ন করে থাকেন। তবে প্রতিষ্ঠানের কিছু কম গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিম্নপদস্থ কর্মকর্তার মাধ্যমে গৃহীত হয়।

**দৃশ্যকল্প-২:** আবুল কালাম অন্য একটি বহুজাতিক কোম্পানির চেয়ারম্যান। সিদ্ধান্ত প্রণয়নের ক্ষেত্রে তিনি নিজ স্বার্থকে গুরুত্ব সহকারে বিবেচনা করেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের অন্যান্য সদস্যের সুবিধা-অসুবিধার বিষয় তিনি অগ্রাহ্য করেন।

ক. ব্যবস্থাপনা নীতি কী? ১

খ. এফ ডব্লিউ টেলরকে বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক বলা হয় কেন? ২

গ. দৃশ্যকল্প-২-এ হেনরি ফেওলের কোন নীতিটি অনুপস্থিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উভয় প্রতিষ্ঠানের মধ্যে হেনরি ফেওলের কোন নীতির সাদৃশ্য রয়েছে? বিশ্লেষণ করো। ৪

২.▶প্রতিষ্ঠানের পরিকল্পনা ও সিদ্ধান্ত মাঠ পর্যায়ে বাস্তবায়ন করার জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি জনাব তানভির আহমদ। দীর্ঘদিন প্রতিষ্ঠানে কাজ করে তিনি প্রতিষ্ঠানের উদ্দেশ্য সম্পর্কে অনেকটাই দক্ষ। তত্ত্বাবধানের পাশাপাশি তিনি কারখানার যন্ত্রপাতিগুলোর সঠিক পরিচালনা নিয়ন্ত্রণ করেন। কিন্তু আধুনিক কম্পিউটার প্রযুক্তিসম্পন্ন স্বয়ংক্রিয় যন্ত্রপাতি যুক্ত হওয়ায় সঠিকভাবে পরিচালনা করা তার জন্য কষ্টসাধ্য হয়ে পড়েছে।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা কী? ১

খ. ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের উপকরণাদির সুষ্ঠু ব্যবস্থা নিশ্চিত করে কীভাবে? ২

গ. জনাব তানভির আহমদ কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যক্তিগত সমস্যা নিরসনে জনাব তানভিরকে কোন ব্যবস্থাপকীয় দক্ষতার উন্নয়ন করা প্রয়োজন? বিশ্লেষণ করো। ৪

৩.▶ইছামতি জুট মিল্‌স তিন বছর সময় বিবেচনায় নিয়ে একটি বিক্রয় পরিকল্পনা প্রণয়ন করেছেন। পরিকল্পনা অনুসারে প্রথম দুই বছর বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। কিন্তু তৃতীয় বছরে এসে প্রতিযোগীদের কৌশলের কাছে তারা পেরে উঠতে পারেননি। প্রতিযোগী প্রতিষ্ঠান অল্প দামে ভালো পাট ক্রেতাদের কাছে বিক্রয় করতে সক্ষম হচ্ছে। পরিকল্পনার পরিবর্তনের সুযোগ না থাকায় তৃতীয় বছরের ক্ষতি প্রথম দু'বছরের মুনাফায় প্রভাব ফেলে।

Teachingbd24.com

ক. লক্ষ্য কী? ১

খ. পরিকল্পনাকে কেন চিন্তন মনন প্রক্রিয়া বলা হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত পরিকল্পনাটি মেয়াদের ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের পরিকল্পনায় আদর্শ পরিকল্পনার কোন বৈশিষ্ট্যের অভাবে এরূপ পরিস্থিতি সৃষ্টি হয়েছে? বিশ্লেষণ করো। ৪

৪. ▶শরমিতা গার্মেন্টিস অক্টোবর মাসে ১ লক্ষ পিস সোয়েটার তৈরির পরিকল্পনা গ্রহণ করেছেন। সে লক্ষ্যেই প্রয়োজনীয় কাঁচামাল, যন্ত্রপাতি এবং অন্যান্য দ্রব্যের আয়োজন করা হয়েছে। মাসের ১০ তারিখ আরমান সাহেবের পর্যবেক্ষণে ধরা পড়লো, এ পর্যন্ত ১৫,০০০ পিস পণ্য উৎপাদিত হয়েছে। তিনি কাজের গতি নিয়ে অসন্তুষ্ট এবং এর কারণ বের করার চেষ্টা করছেন। ভবিষ্যতে যাতে এ ধরনের কোনো বিচ্যুতি না থাকে তা সংশোধনের ব্যবস্থা নিলেন। এক্ষেত্রে দক্ষ জনবল বৃদ্ধি এবং আধুনিক যন্ত্রপাতি স্থাপনের ওপর জোর দিলেন।

ক. BEP কী? ১

খ. দলীয় প্রচেষ্টা এগিয়ে নিতে সমন্বয়ের প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে জনাব আরমান সাহেব ব্যবস্থাপনা প্রক্রিয়ার কোন কাজের সঙ্গে সম্পৃক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. গৃহীত পদক্ষেপ এরূপ সমস্যা সমাধানে কতটুকু সহায়ক ভূমিকা পালন করবে বলে তুমি মনে করো? তোমার মতামত তুলে ধরো। ৪

৫. ▶প্রতিষ্ঠানের প্রধান ব্যবস্থাপক জনাব মুহিতকে একটা চলমান বড় নতুন প্রজেক্টের দায়িত্ব দিলেন। তাকে বলা হলো তুমি প্রথমে বিভিন্ন বিভাগ-উপবিভাগের কাজগুলো ভাগ করে কর্তৃত্বের প্রবাহ রেখা কী হবে তা নির্দেশ করবে এবং বিভিন্ন পর্যায়ে কর্মরত নির্বাহীদের মধ্যে সম্পর্কের রূপরেখা নির্দিষ্ট করবে। তুমি থাকবে ব্যবস্থাপনা পরিচালক। জনাব মুহিত ভাবছেন একজন সাধারণ ব্যবস্থাপক রাখবেন এবং উৎপাদন ও বিক্রয় বিভাগের বিভাগীয় ব্যবস্থাপকদের অধীনে একজন করে সহকারী ব্যবস্থাপক দেবেন।

ক. কমিটি কী? ১

খ. সংগঠন প্রক্রিয়ায় পারস্পরিক সম্পর্ক নির্ধারণ প্রয়োজন কেন? ২

গ. জনাব মুহিত নির্দেশনা অনুযায়ী যে সম্পর্কের রূপরেখা গড়ে তুলবেন তা কীসের নির্দেশক? ব্যাখ্যা করো। ৩

ঘ. এ ধরনের কাজ প্রতিষ্ঠানের ব্যয় হ্রাসের ক্ষেত্রে কী ধরনের ভূমিকা রাখে? বিশ্লেষণ করো। ৪

৬. ▶বেগম হোসনে আরা একজন বড় শিল্পপতি। দেশের বিভিন্ন স্থানে তার বেশ কয়েকটি শিল্পকারখানা রয়েছে। তিনি অত্যন্ত উন্নত মানসম্পন্ন জীবনযাপনে অভ্যস্ত। ইদানীং তিনি বিভিন্ন সমাজসেবামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করেন। বিভিন্ন রাজনৈতিক ও

https://teachingbd24.com

রাষ্ট্রীয় উচ্চপদস্থ ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ রক্ষ করেন। বিভিন্ন জায়গায় সভা-সমাবেশ এ অংশগ্রহণ করেন। নিজ এলাকায় কিছু জনকল্যাণমূলক প্রতিষ্ঠান স্থাপন করতে চান।

ক. আর্থিক প্রেষণা কী? ১

খ. প্রেষণা কীভাবে শ্রমঘূর্ণায়মানতা হ্রাস করে? ২

গ. বেগম হোসনে আরা ম্যাসলোর চাহিদা সোপান তত্ত্বের কোন স্তরে অবস্থান করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বেগম হোসনে আরা জনকল্যাণমূলক প্রতিষ্ঠান স্থাপনে কী ধরনের ক্ষেত্র সুপারিশ করবে? ৪

**৭.** ▶**ঘটনা-১:** শরীফ গার্মেন্টিস-এ প্রায় ১০০০ কর্মী কাজ করেন। তাদের দিয়ে সর্বদা জোর করে কাজ করিয়ে নিতে হয়। এতে কোম্পানির উৎপাদনের মাত্রা ব্যাপকভাবে কমে যাওয়ায় লোকসান হচ্ছে।

**ঘটনা-২:** জনাব শিহাব উদ্দিন একটি প্রতিষ্ঠানের কর্ণধার। তিনি সর্বদা কর্মীদের কল্যাণের কথাই ভাবেন। কর্মীদের মাঝে অসন্তোষ বেড়ে যায় এবং উৎপাদন হ্রাস পায়। তিনি সিদ্ধান্ত নিয়েছেন কর্মীদের মতের মূল্যায়ন করবেন।

ক. নেতা কে? ১

খ. গণতান্ত্রিক নেতৃত্ব উত্তম কেন? ২

গ. জনাব শিহাব উদ্দিন তার প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব অনুসরণ করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উভয় প্রতিষ্ঠানের নেতৃত্বের ধরন মূল্যায়ন করো। ৪

**৮.** ▶'ক' লিমিটেড একটি বৃহৎ সুগার মিল। অসুস্থতাজনিত কারণে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপক চাকরি থেকে অবসর নেন। প্রতিষ্ঠানে কর্মরত ৫৫ বছর বয়সী জনাব মাহবুব গত ২ বছর সেরা সহ-ব্যবস্থাপক নির্বাচিত হয়েছেন। তবে ৬০ বছর বয়সী জনাব নূর ইসলামকে ব্যবস্থাপক হিসেবে নিয়োগ দেওয়া হয়। এদিকে বাজারে প্রচুর চাহিদা থাকা সত্ত্বেও বিদ্যুৎ বিভ্রাটের কারণে প্রতিষ্ঠানের উৎপাদন ব্যাহত হচ্ছে। এ সমস্যা সমাধানে কর্তৃপক্ষ একটি বিদ্যুৎ সাবস্টেশন নির্মাণ করেন এবং সার্বিক তদারকির জন্য একজন বিদ্যুৎ প্রকৌশলী নিয়োগের চিন্তা করছেন।

ক. পরিকল্পনা কী? ১

খ. প্রশিক্ষণ কেন প্রদান করা হয়? বুঝিয়ে লেখো। ২

গ. প্রতিষ্ঠানে পদোন্নতির কোন ভিত্তি অনুসরণ করা হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রতিষ্ঠানে বিদ্যুৎ প্রকৌশলী নিয়োগে কর্মী সংগ্রহের কোন উৎস ব্যবহার যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯. ▶ সুরমা লিমিটেড ঢাকা শহরের একটি প্রতিষ্ঠিত আবাসিক হোটেল। প্রতিষ্ঠানের বিভাগীয় ব্যবস্থাপকগণ সহজেই একে অন্যের সাথে যোগাযোগ করেন। এক বিভাগের ব্যবস্থাপক প্রয়োজনে অন্য বিভাগের অধীন কর্মকর্তাদের সাথেও সহজেই যোগাযোগ করে থাকে। কিন্তু বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগের সময় জেনারেল ম্যানেজার জনাব আহবাব নিজেই সম্পন্ন করেন। এতে প্রতিষ্ঠানগুলো তার কথাকে গুরুত্ব দেয়। অন্য প্রতিষ্ঠানের সাথে তার নিজের সম্পর্ক গড়ে ওঠায় প্রতিষ্ঠান চালাতে তার সুবিধা হচ্ছে।

ক. ফলাবর্তন কী? ১

খ. টেলিভিশনে প্রচারিত বিজ্ঞাপন কোন ধরনের যোগাযোগ? বুঝিয়ে লেখো। ২

গ. পক্ষসমূহের অংশগ্রহণের ভিত্তিতে উদ্দীপকের যোগাযোগ কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জেনারেল ম্যানেজারের যোগাযোগ কোন ধরনের প্রতিবন্ধকতা তৈরি করতে পারে? বিশ্লেষণ করো। ৪

১০. ▶ খুলনা শহরের সুপ্রতিষ্ঠিত কাগজ কলের কর্মীরা খুলনা এবং এর পার্শ্ববর্তী এলাকায় বসবাস করেন। খুলনা শহরে বাড়ি ভাড়া খুবই চড়া। মাস শেষে এসব কর্মী যে বেতন পান তা দিয়ে সংসার চালানো খুবই সমস্যা হয়। প্রতিষ্ঠানের মালিক নাসির সাহেব বিষয়টি বোঝতে পারেন এবং কর্মীদের প্রেষণাদানের লক্ষ্যে এক আনন্দ ভ্রমণের আয়োজন করেন। পরবর্তী সপ্তাহে নাসির সাহেব লক্ষ করেন এতে কর্মীদের মনোভাবের তেমন কোনো পরিবর্তন হয়নি।

ক. শ্রম ঘূর্ণায়মানতা কী? ১

খ. প্রেষণা চক্রে উদ্দীপক শনাক্তকরণ বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে গৃহীত প্রেষণা কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে সৃষ্ট পরিস্থিতি নিয়ন্ত্রণে তুমি কোন ধরনের প্রেষণা দান পদ্ধতির সুপারিশ করবে? বিবরণ দাও। ৪

১১. ▶ জনাব আহসান হাবিব পূর্ব থেকে মূলধন ও ব্যয় সম্পর্কে সম্যক ধারণা না নিয়ে একটি রেস্টুরেন্ট স্থাপন করেন। রেস্টুরেন্ট চালু হওয়ার শুরুতেই তিনি আর্থিক সংকটে পড়েন। বন্ধু-বান্ধবের সহায়তায় তিনি নতুনভাবে মূলধন বিনিয়োগ করেন ও তদারকি বাড়িয়ে রেস্টুরেন্ট সচল করার চিন্তা করছেন।

ক. সামগ্রিক পরিকল্পনা কী? ১

খ. পরিকল্পনায় কেন আঙিনা স্থাপন জরুরি? ২

গ. জনাব আহসান হাবিবের রেস্টুরেন্ট ব্যবসায় স্থাপনে পরিকল্পনার কোন ধাপটি অনুসরণ করা হয়নি? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আহসান হাবিব কী পদক্ষেপ গ্রহণ করে সফলতার মুখ দেখতে পারেন বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

https://teachingbd24.com

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড : ২ ৭ ৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ব্যবস্থাপনার মৌলিক কাজ কয়টি?
- ক) ২টি  খ) ৩টি
- গ) ৪টি  ঘ) ৫টি

২. নিম্নস্তরের ব্যবস্থাপকের মধ্যে পড়ে—
- i. সাধারণ ব্যবস্থাপক
- ii. বিভাগীয় ব্যবস্থাপক
- iii. ফোরম্যান

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii  খ) i ও iii
- গ) iii  ঘ) i, ii ও iii

৩. Shop Management গ্রন্থটি কে রচনা করেন?
- ক) এফ. ডব্লিউ টেলর  খ) এ্যাডাম স্মিথ
- গ) রবার্ট ওয়েন  ঘ) চার্লজ ব্যাবেজ

৪. সহকর্মীর প্রতি সুবিচার করা হেনরি ফেয়লের কোন নীতির অন্তর্ভুক্ত?
- ক) একতাই বল  খ) সাম্য
- গ) নিয়মানুবর্তিতা  ঘ) শৃঙ্খলা

৫. Dual subordination বিষয়টি ব্যবস্থাপনার কোন নীতির পরিপন্থী?
- ক) শৃঙ্খলা  খ) দায়িত্ব ও কর্তৃত্ব
- গ) আদেশের ঐক্য  ঘ) নির্দেশনার ঐক্য

৬. মিশন কোন পরিকল্পনার অন্তর্ভুক্ত?
- ক) লক্ষ্য  খ) একার্থক
- গ) কার্যভিত্তিক  ঘ) স্থায়ী

৭. বৃহদায়তন প্রতিষ্ঠান বর্তমানকালে তাদের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে নিচের কোনটি করে থাকেন?
- ক) SWOT বিশ্লেষণ
- খ) গ্যান্ট চার্ট তৈরি
- গ) PERT
- ঘ) বিশেষ প্রতিবেদন বিশ্লেষণ

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব আলতাফ হোসেন একটি বাড়ি নির্মাণ করার উদ্দেশ্যে একজন ইঞ্জিনিয়ারের শরণাপন্ন হন। ইঞ্জিনিয়ারের নকশা পছন্দ না হওয়ায় নিজেই তার বাড়ির একটি নকশা তৈরি করেন এবং নকশায় পরিবর্তনের সুযোগ রাখেন।

৮. জনাব আলতাফের বাড়ির নকশা প্রণয়ন নিম্নের কোন পরিকল্পনার অন্তর্ভুক্ত?
- ক) লক্ষ্য  খ) একার্থক
- গ) স্থায়ী  ঘ) সামগ্রিক

৯. জনাব আলতাফ কোন গুণ দ্বারা পরিকল্পনায় পরিবর্তন আনতে পারেন?
- ক) তথ্যনির্ভরতা  খ) প্রযুক্তি ব্যবহার
- গ) নমনীয়তা  ঘ) আজিনা

১০. নির্দেশনাকে সংগঠনের কী বলা হয়?
- ক) প্রাণ  খ) হাত
- গ) মাথা  ঘ) হৃৎপিণ্ড

১১. কোন সংগঠন কাঠামোটির স্থায়িত্ব সবচেয়ে কম?
- ক) সরলরৈখিক  খ) কমিটি
- গ) কার্যভিত্তিক
- ঘ) সরলরৈখিক ও পদস্থ কর্মী

১২. মেট্রিক্স সংগঠনের বৈশিষ্ট্য হলো—
- i. বৃহদায়তন ব্যবসায়ের ব্যবহার
- ii. সর্বাধুনিক সংগঠন কাঠামো
- iii. দু'ধরনের নির্বাহীর উপস্থিতি

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii  খ) i ও iii
- গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৩. কর্মীসংস্থানের প্রথম ধাপ কোনটি?
- ক) কর্মী নির্বাচন  খ) কর্মী সংগ্রহ
- গ) কর্মী প্রশিক্ষণ  ঘ) কর্মী নিয়োগ

১৪. কর্মী নির্বাচনে কর্মীর ঝোঁক প্রবণতা যে পরীক্ষার মাধ্যমে করা হয় তাকে কী বলে?
- ক) Aptitued test  খ) Efficiency test
- গ) Intelligency test  ঘ) Personality test

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**

করিম ও শ্যামল দুই বন্ধু এম.বিএ পাস করে একটি তৈরি পোশাক কারখানায় সহকারী ব্যবস্থাপক হিসেবে ২০০৯ সালে যথাক্রমে জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে যোগদান করেন। ২০১২ সালে ক্রয় ব্যবস্থাপকের পদ শূন্য হলে কার্যফল বিবেচনায় মি. শ্যামলকে কর্তৃপক্ষ পদোন্নতি প্রদান করে।

১৫. উদ্দীপকে পদোন্নতির ভিত্তিটি কী?
- ক) জ্যেষ্ঠতা  খ) যোগ্যতা
- গ) জ্যেষ্ঠতা ও যোগ্যতা  ঘ) জ্যেষ্ঠতা ও মেধা

Teachingbd24.com

১৬. এরূপ পদোন্নতির ফলে–

i. দক্ষ কর্মীরা অনুপ্রাণিত হয়
ii. বয়স্ক কর্মীরা অনুপ্রাণিত হয়
iii. প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

১৭. কর্মীরা স্বেচ্ছাচারী হয়ে ওঠে কোন নেতৃত্বে?

ক) লাগামহীন খ) গণতান্ত্রিক
গ) প্রভুত্বমূলক ঘ) পিতৃসুলভ

১৮. পরামর্শমূলক নির্দেশনার সাথে কোন ধরনের নেতৃত্বের মিল আছে?

ক) স্বৈরতান্ত্রিক খ) গণতান্ত্রিক
গ) পিতৃসুলভ ঘ) লাগামহীন

১৯. উত্তম নির্দেশনার গুণাবলি হলো–

i. পূর্ণাঙ্গতা
ii. সংক্ষিপ্ততা
iii. সময়ানুবর্তিতা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. প্রেষণার সব কার্যক্রম হলো–

ক) Nature oriented খ) Work oriented
গ) Goal oriented
ঘ) Business oriented

২১. 'Z' তত্ত্বের প্রবক্তা কে?

ক) Douglas McGregor
খ) Chester 47. Barnard
গ) William Ouchi
ঘ) Weihrien Koont

২২. প্রেষণার ফলাফল হলো–

i. উচ্চ কার্য সন্তুষ্টি
ii. উচ্চ মনোবল
iii. ব্যয় বৃদ্ধি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. প্রাপ্ত সংবাদের প্রত্যুত্তর প্রদানকে কী বলে?

ক) তথ্য খ) সংকেতায়ন
গ) ফলাবর্তন ঘ) ভাষণ

২৪. ইন্টারনেট ব্যবহারের জন্য প্রয়োজন হয়–

i. কম্পিউটার
ii. মডেম
iii. পেনড্রাইভ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. ব্যবস্থাপনার কোন কাজের অভাবে প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের মধ্যে ছন্দপতন ঘটে?

ক) পরিকল্পনা খ) নিয়ন্ত্রণ
গ) নির্দেশনা ঘ) সমন্বয়

২৬. সমন্বয়ের সাথে সম্পৃক্ত হলো–

i. যৌথ প্রচেষ্টা ii. ঐক্য
iii. শৃঙ্খলা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. সমন্বয়ের কাজ কখন করতে হয়?

ক) কর্মীদের উৎসাহিত করার পর
খ) পরিকল্পনার বাস্তবায়নকাল শেষে
গ) পরিকল্পনা অনুযায়ী কাজের শুরুতে
ঘ) পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের সকল পর্যায়

২৮. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার প্রথম কাজ কোনটি?

ক) বিচ্যুতি নির্ণয়
খ) বিচ্যুতির কারণ মূল্যায়ন
গ) আদর্শমান প্রতিষ্ঠা
ঘ) সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

বাজেট ছাড়া কোনো প্রতিষ্ঠান পরিচালনা করা যায় না। পরিবার থেকে শুরু করে ব্যবসায় প্রতিষ্ঠানের যেকোনো ক্ষেত্রে বাজেট প্রয়োজন। বাজেট মূলত নিয়ন্ত্রণ প্রক্রিয়ার একটি কৌশল।

২৯. বাজেট কোনটির মাধ্যমে প্রকাশ করা হয়?

ক) তথ্যের খ) মানের
গ) জ্ঞানের ঘ) সংখ্যার

৩০. বাজেটারি নিয়ন্ত্রণ গুরুত্বপূর্ণ হওয়ার কারণ হলো–

i. বাজেট কাজের মান বৃদ্ধি করে
ii. এর মাধ্যমে বিচ্যুতি নিরূপণ সম্ভব
iii. নিয়ন্ত্রণের কার্যকর ভিত্তি প্রদান করে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

Teachingbd24.com